

**প্রাথমিক বৃত্তি
পেল ৫৪,৪১২
জন শিক্ষার্থী**

নিজের প্রতিবেদক •

২০১৩ সালের প্রাথমিক বৃত্তি পরীক্ষার ফল গতকাল রোববার ঘোষণা করা হয়েছে। এতে ৫৪ হাজার ৪১২ জন শিক্ষার্থী বৃত্তি পেয়েছে। এর মধ্যে মেধা কোটায় (ট্যালেন্টপুল) ২১ হাজার ৯৭৮ জন ও সাধারণ কোটায় ৩২ হাজার ৪৩৪ জন বৃত্তি পেয়েছে।

প্রাথমিক ও গণশিক্ষাবন্ত্রী মোস্তাফিজুর রহমান গতকাল সচিবালয়ে সংবাদ সম্মেলন করে বৃত্তির এ ফল ঘোষণা করেন। প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইটে (www.dpe.gov.bd) এ ফল জানা যাবে।

মেধা কোটায় বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের মধ্যে ১০ হাজার ৯৫৪ জন ছাত্র এবং ১১ হাজার ২৪ জন ছাত্রী। আর সাধারণ কোটায় বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের মধ্যে ১৬ হাজার ২২৮ জন ছাত্র এবং ১৬ হাজার ২০৬ জন ছাত্রী রয়েছে।

মেধা কোটায় বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীরা অষ্টম শ্রেণী পর্যন্ত প্রতি মাসে ২০০ টাকা ও সাধারণ কোটায় বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীরা ১৫০ টাকা করে পাবে।

প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষার ফলাফলের ভিত্তিতে এই বৃত্তি দেওয়া হয়। নির্ধারিত কোটা অনুযায়ী প্রতিটি উপজেলা বা থানার ইউনিয়ন ও ওয়ার্ডে (সিটি কর্পোরেশন ও পৌরসভা হলে) দুজন ছাত্র ও দুজন ছাত্রীর মধ্যে মেধানুসারে সাধারণ বৃত্তি দেওয়া হয়। আর মেধাক্রম অনুসারে উপজেলা বা থানা পর্যায়ে মেধা বৃত্তি দেওয়া হয়। বৃত্তি দেওয়ার ক্ষেত্রে ছাত্র ও ছাত্রীর হার সমান সমান।

এবারের সমাপনী পরীক্ষায় পরীক্ষার্থী ছিল ২৬ লাখ ৩৯ হাজার ৪৫ জন। এর মধ্যে উত্তীর্ণ হয়েছিল ২৪ লাখ ৮৩ হাজার ৮৭৭ জন।

সংবাদ সম্মেলনে প্রাথমিক ও গণশিক্ষা সচিব কাজী আখতার হোসেন, অতিরিক্ত সচিব এস এম আশরাফুল ইসলাম প্রমুখ উপস্থিত ছিলেন।